45

দৈনিক বাংলা

তারিখ ... 17 MAY 1989 ...
পৃষ্ঠা ... ... কলাম 6 ...

### কর্মচারী সমিতির নির্বাচন

# কৃষি ভার্সিটি ক্যাম্পাস: নির্বাচনী তৎপরতায় আবার মুখর

(নিজস্ব সংবাদদাতা)

কৃষি বিশ্ববিদ্যালয়, ১৫ই মে।—কৃষি বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতির বার্ষিক নির্বাচন ৮৯ উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এখন নির্বাচনী তৎপরতায় মুখর হয়ে উঠেছে। গত ৪ঠা এপ্রিলে অনুষ্ঠিত বাকসু নির্বাচনের আমেজ কাটতে না কাটতেই কর্মচারীদের মাঝে এ নির্বাচন ক্যাম্পাসে আর এক দফা নির্বাচনী হাওয়া ছড়িয়ে দিল।

কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রতি বছর যে সকল নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে তার মধ্যে ভোটারের সংখ্যাধিক্যের দিক থেকে বাকসু নির্বাচনের পরই কর্মচারী সমিতির স্থান। নির্বাচনী প্রচারণার দিক থেকে কর্মচারী সমিতির এ নির্বাচন সংশ্লিষ্ট মহলে তুমুল আলোড়ন সৃষ্টি করেছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, হল ভবনসমূহ, আবাসিক এলাকা, রাস্তা ঘাট আর ক্যাম্পাসের অলিগলিতে চলেছে এ নির্বাচনের প্রচারণা। পোস্টার, ফেস্টুন, মাইক বাজিয়ে সকলের কাছে প্রার্থীদের ভোট চাওয়া হচ্ছে। রাত-দিন অফিসের কাজের অবসরে, ঘুমকে হারাম করেও প্রার্থীরা ধর্ণা দিচ্ছেন কর্মচারীদের বাসায় বাসায়। নির্বাচনের দিন যতই ঘনিয়ে আসছে প্রচারণা ততই জমজমাট হয়ে উঠছে।

কর্মচারী সমিতির এ বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ১৮ই মে। নির্বাচিত হবেন ১৫ জন কর্মচারী প্রতিনিধি। সভাপতির ১টি পদে এবং সাধারণ সম্পাদকের ১টি পদের জন্য ৩ জন করে মোট ৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতায় নেমেছেন। ৭টি সম্পাদকীয় পদসহ ১৫টি পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা হচ্ছে ৪৯ জন। কৃষি বিশ্ববিদ্যালয়ের ১ হাজার ৭ শ' ৯৮ জন কর্মচারী এ নির্বাচনে তাদের পছন্দের প্রতিনিধি নির্বাচনের জন্য ভোটাধিকার প্রয়োগ করবেন।

এ নির্বাচনে সভাপতির পদে প্রতিদ্বন্দ্বীতা করছেন ইদ্রিস আলী, আবদুল হাই ও আবদুল হক। সাধারণ সম্পাদকের পদে প্রার্থী হয়েছেন হাফিজউদ্দিন আকন্দ, আবদুল মতিন ও মোশাররফ হোসেন। প্রতিটি পদে তীব্র প্রতিদ্বন্দ্বীতা হওয়ার সম্ভাবনা আছে।